গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০৪৫.০২২.১০.৩৫.০৩৫.২০১৬-১৫৯

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ
০৯ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগের কর্মসূচি প্রণয়নের জন্য ভার্চুয়াল সভার কার্যবিবরণী প্রেরণ।

সূত্র : স্থানীয় সরকার বিভাগের প্রশাসন-১ শাখার স্মারক নং-২৬৬, তারিখ: ২৫/০২/২০২১ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগের কর্মসূচি প্রণয়নের জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত ভার্চুয়াল সভার কার্যবিবরণী এতদ্‌সাথে প্রেরণ করা হলো।

২। উক্ত সভার সিদ্ধান্ত অনুসারে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। একইসাথে সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে বছরব্যাপী কর্মসূচি প্রণয়নপূর্বক জরুরীভিত্তিতে এ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে ৫ (পাঁচ) পৃষ্ঠা।

০৯/০৩/২১

(মোহাম্মদ সামছুল হক)
উপসচিব
ফোন: ৯৫৭৭২৩০
e-mail: lgd.upazila2@gmail.com

উপজেলা নির্বাহী অফিসার (সকল)
----------------------------------।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। বিভাগীয় কমিশনার (সকল), ---------------------।
২। জেলা প্রশাসক (সকল),---------------------------।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। উপসচিব (প্রশাসন-১), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), --------------------।
৬। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd




শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০০৫. ২০১৮- ২৮৫

তারিখঃ ১২ ফাল্গুন ১৪২৭
২৫ ফেব্রুয়ারি ২০২১

বিষয়ঃ স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগের কর্মসূচি প্রণয়নের জন্য ভার্চুয়াল সভার কার্যবিবরণী প্রেরণ।

স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগের কর্মসূচি প্রণয়নের জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম এমপি এর সভাপতিত্বে গত ২২/০২/২০২১ তারিখ বেলা ০৩.০০ ঘটিকায় ভার্চুয়াল সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী এ সাথে প্রেরণ করা হল। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল। একই সাথে ২নং সিদ্ধান্ত মোতাবেক জাতীয় কর্মসূচির আলোকে স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ কর্তৃক সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে বছরব্যাপী কর্মসূচী প্রণয়নপূর্বক আগামী ২৮/০২/২০২১ তারিখের মধ্যে প্ররণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

২৫/০২/২০২১
এ কে এম মিজানুর রহমান
উপসচিব
ফোন- ৯৫৭৫৫৭৩
E-mail: lgadmin1@lgd.gov.bd

বিতরণ (স্থানীয় সরকার বিভাগ):

১। অতিরিক্ত সচিব(সকল)/মহাপরিচালক(মইই), স্থানীয় সরকার বিভাগ।
২। যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৪। উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৫। সিনিয়র সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৬। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।
৮। সহকারী সচিব(সকল)/হিসাবরক্ষণ কর্মকর্তা/সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ।

দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠান:

A/O

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, রেজিষ্টার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ।
৩। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/খুলনা ওয়াসা/রাজশাহী ওয়াসা।
৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/নারায়নগঞ্জ/কুমিল্লা/রংপুর/ময়মনসিংহ সিটি কর্পোরেশন।
৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, ...................... জেলা পরিষদ।
৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, .................... উপজেলা, .................. জেলা।
৯। মেয়র, ............................ পৌরসভা।
১০। চেয়ারম্যান, ..................... ইউনিয়ন পরিষদ, উপজেলা............................, জেলা..............

উপজেলা-২ শাখা
ডায়েরী নং ২৪৪
তারিখ ০৩/৩/২১
সিঃ সহকারী সচিব/উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

বিষয়ঃ স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগের কর্মসূচি প্রণয়নের জন্য ভার্চুয়াল সভার কার্যবিবরণী।

সভার তারিখ : ২২/০২/২০২১
সময় : বেলা ৩:০০ ঘটিকা
সভাপতি : জনাব মোঃ তাজুল ইসলাম এমপি
মাননীয় মন্ত্রী
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

০১। সভার প্রারম্ভে সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ উপস্থিত সকলে স্বাগত জানিয়ে সভার প্রেক্ষাপট ও উদ্দেশ্য উপস্থাপন করেন। অত:পর তিনি সূচনা বক্তব্য প্রদানের জন্য মাননীয় মন্ত্রীকে অনুরোধ জানান। সভাপতি তাঁর সূচনা বক্তব্যে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি বলেন মুক্তিযুদ্ধে ৩০ লক্ষ শহিদের জীবনের বিনিময়ে আমরা স্বাধীন সার্বভৌম বাংলাদেশ পেয়েছি। ২ লক্ষের অধিক মা বোনের পরম ত্যাগের বিনিময়ে বাংলাদেশের মানচিত্র পৃথিবীর বুকে উজ্জীবিত হয়েছে। তাদের সকলকে তিনি গভীর শ্রদ্ধাভরে স্বরণ করেন। তিনি কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানান জাতির পিতা বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনাকে যার নেতৃত্বে স্বাধীনতার ৫০ বছর পূর্তি অর্থাৎ সুবর্ণজয়ন্তী পালনের সুযোগ হয়েছে। তিনি বলেন ১৯৭৫ সালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে নির্মমভাবে হত্যা করে এ দেশের অগ্রযাত্রাকে ব্যহত করা হয়। পরবর্তীতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে এ দেশে ব্যাপক উন্নয়ন সাধিত হয়েছে। বাংলাদেশের মাথাপিছু আয় এখন ২০০০ ডলারের বেশী। মানুষের মধ্যে এখন স্বপ্ন দেখার সুযোগ সৃষ্টি হয়েছে। বঙ্গবন্ধুর দর্শন ও আদর্শকে লালন করে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে এগিয়ে যাচ্ছে দেশ। এছাড়াও এ বছর স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষ যুগপৎভাবে পালিত হবে। এজন্য স্বাধীনতার সুবর্ণজয়ন্তী অত্যন্ত জাকজমকভাবে পালন করা প্রয়োজন। তিনি বলেন বঙ্গবন্ধুকে সম্মানিত করা মানেই আমাদের নিজেদেরকে সম্মানিত করা। এই বিষয়টি সামনে রেখেই স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে পালনের জন্য কর্মসূচি প্রণয়ন করা প্রয়োজন।

২। অত:পর আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপনের জন্য সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সচিব এ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) কে অনুরোধ করেন। স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) সভার খসড়া কার্যপত্র উপস্থাপন করেন। প্রস্তাবিত কর্মসূচির বিষয়ে দপ্তর/সংস্থা/সিটি কর্পোরেশনসমূহের শীর্ষ কর্মকর্তাগণ তাদের মতামত ব্যক্ত ব্যক্ত করেন। বিস্তারিত আলোচনার পর জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে স্থানীয় সরকার বিভাগ, আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ কর্তৃক স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের নিমিত্ত নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণ করা হয়:

| ক্র. | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১. | আগামী ২৬ মার্চ, ২০২১ তারিখের পূর্বেই স্বাধীনতা সড়কের নির্মাণ কাজ সমাপ্ত করতে হবে; | প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর |

| ক্র. | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ২. | জাতীয় কর্মসূচির আলোকে স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ কর্তৃক সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে বছরব্যাপী কর্মসূচী প্রণয়নপূর্বক আগামী ২৮/০২/২০২১ তারিখের মধ্যে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা ও সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান; |
| ৩. | কেন্দ্রীয় কর্মসূচির আলোকে জেলা প্রশাসন কর্তৃক সুবিধাজনক সময়ে ৫০টি জাতীয় পতাকা সম্বলিত সুবর্ণজয়ন্তী র‍্যালী প্রতিটি জেলায় প্রদক্ষিণ শুরু। পতাকা প্রদক্ষিণ উপলক্ষ্যে জেলায় মুক্তিযোদ্ধা সমাবেশ ও অন্যান্য অনুষ্ঠান আয়োজন করা এবং ৬৪ জেলা প্রদক্ষিণ শেষে ১৬ ডিসেম্বর সুবর্ণজয়ন্তী র‍্যালি ঢাকায় প্রত্যাবর্তন। জেলা প্রশাসন আয়োজিত এ সকল অনুষ্ঠানে স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সক্রিয় অংশগ্রহন। | স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা ও সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান; |
| ৪. | লাইটস এন্ড লেজার শো/ড্রোন শো: সংসদ প্লাজা/হাতিরঝিল/অন্যান্য নির্ধারিত স্থানে রাতের বেলা লাইটস এন্ড লেজার শোর আয়োজন করা (বিশেষ বিশেষ দিনে) | সিটি কর্পোরেশনসমূহ |
| ৫. | কেন্দ্রীয় কর্মসূচির আলোকে জেলা প্রশাসন কর্তৃক স্বাস্থ্য বিধি অনুসরণ করে দেশব্যাপী সুবর্ণজয়ন্তী মেলা আয়োজন করা এবং জেলা পর্যায়ে বীর মুক্তিযোদ্ধা সমাবেশ (৫০টি জাতীয় পতাকাবাহী র‍্যালির সংশ্লিষ্ট জেলায় উপস্থিতির দিনে)। জেলা প্রশাসন আয়োজিত এ সকল অনুষ্ঠানে স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সক্রিয় অংশগ্রহন। | স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা ও সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান; |
| ৬. | কেন্দ্রীয় কর্মসূচির আলোকে সুবর্ণজয়ন্তী সৌধ/ মিনার/কলাম নির্মাণের উদ্যোগ গ্রহণ। এ জন্য প্রধান প্রকৌশলী, এলজিইডি খ্যাতিমান স্থপতিদের নিকট হতে কয়েকটি ডিজাইন নিয়ে প্রাক্কলনসহ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর নিকট উপস্থাপন করবেন। উপস্থাপিত ডিজাইনের মধ্য হতে মাননীয় মন্ত্রী একটি ডিজাইন ও প্রাক্কলন অনুমোদন করবেন। অনুমোদন শেষে এ বিভাগের আওতায় কতটি সুবর্ণজয়ন্তী সৌধ/ মিনার/কলাম কোন কোন স্থানে নির্মাণ করা হবে সে বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ। | স্থানীয় সরকার বিভাগ এবং স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর |

| ক্র. | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৭. | দেশের সকল সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের ওয়েবসাইটে সুবর্ণজয়ন্তী কর্ণার স্থাপন; | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ |
| ৮. | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহে স্থাপিত ডিজিটাল বিলবোর্ড ও ইলেক্ট্রনিক বিলবোর্ডের মাধ্যমে সুবর্ণজয়ন্তীর কর্মসূচিসমূহ প্রচার করা; | |
| ৯. | ঢাকা মহানগরীসহ সকল শহর (অনুষ্ঠানস্থলসহ) পরিস্কার-পরিচ্ছন্ন রাখা | স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ |
| ১০. | অনুষ্ঠানস্থলে নিরাপদ পানি সরবরাহ ও টয়লেট নির্মাণ করা | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ওয়াসাসমূহ, সিটি কর্পোরেশন, পৌরসভা |
| ১১. | জাতীয় ও জেলা পর্যায়ে আয়োজিত অনুষ্ঠানস্থলে জনগণের গমণের জন্য আওতাধীন রাস্তাসমূহ স্ব-স্ব প্রতিষ্ঠান কর্তৃক ব্যবহার উপযোগী করার লক্ষ্যে মেরামত করা। | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, পৌরসভা ও সিটি কর্পোরেশন |
| ১২. | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ ২৬/০৩/২০২১ এবং ১৬/১২/২০২১ তারিখে স্ব-স্ব ভবন আলোকসজ্জা করা। | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ |
| ১৩. | সিটি কর্পোরেশন ও পৌর এলাকার রাস্তার রোড ডিভাইডার এবং মহাসড়কের গেইটগুলো আলোকসজ্জা করা । | সিটি কর্পোরেশন ও পৌরসভাসমূহ |
| ১৪. | কেন্দ্রীয় কর্মসূচির আলোকে ৫০টি জাতীয় পতাকা সম্বলিত র‍্যালি সকল জেলা প্রদক্ষিণ শেষে বিজয় দিবসের দিন ১৬/১২/২০২১ তারিখে মূল অনুষ্ঠান স্থলে প্রবেশ করবে। বীর মুক্তিযোদ্ধাগণ নতুন প্রজন্মের প্রতিনিধিদের নিকট জাতীয় পতাকাগুলো হস্তান্তর করবে। কেন্দ্রীয় ভাবে আয়োজিত এ অনুষ্ঠানে স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সক্রিয় অংশগ্রহণ। | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ |
| ১৫. | স্বাস্থ্য বিধি অনুসরণপূর্বক দেশাত্ববোধক সঙ্গীত, নৃত্য, আতশবাজি, ব্যাপক আলোকসজ্জা ইত্যাদির মাধ্যমে ১৬ ডিসেম্বর ২০২১ তারিখে বছরব্যাপী আয়োজনের সমাপ্তি ঘোষণা করা। | |

সভাপতি স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের নিমিত্ত প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য অনুরোধ করেন এবং গৃহীত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের জন্য সকলের প্রতি আহ্বান জানান। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি সভা সমাপ্ত করেন।

(মোঃ তাজুল ইসলাম এমপি)
মাননীয় মন্ত্রী
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০০৫. ২০১৮- ২৬৫ তারিখঃ ১২ ফাল্গুন ১৪২৭ / ২৫ ফেব্রুয়ারি ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়/পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক(মইই), স্থানীয় সরকার বিভাগ।
৪। বিভাগীয় কমিশনার (সকল)।
৫। পরিচালক, বিভাগীয় কমিশনারের কার্যালয়, স্থানীয় সরকার (সকল)।
৬। যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৮। উপসচিব (সকল),স্থানীয় সরকার বিভাগ।
৯। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয় (সকল)।
১০। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
১১। সিনিয়র সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
১২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
১৩। সহকারী সচিব(সকল)/হিসাবরক্ষণ কর্মকর্তা/সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ।

দপ্তর/সংস্থাঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, রেজিষ্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন।
৩। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/খুলনা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/রাজশাহী ওয়াসা।
৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/নারায়নগঞ্জ/কুমিল্লা/গাজীপুর/রংপুর/ময়মনসিংহ সিটি কর্পোরেশন ।
৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ঢাকা মশক নিবারনী দপ্তর, ঢাকা।

২৫/০২/২০২১

এ কে এম মিজানুর রহমান
উপসচিব
ফোন- ৯৫৭৫৫৭৩
E-mail: lgadmin1@lgd.gov.bd